

## NY State পারমিট চলমান...

### আমি পারমিটটি কোথায় রাখবো?

আপনার পার্ক করা যানবাহনের ভিতর দিকের পিছনের দিক দেখার আয়নার সামনে ঝুলিয়ে রাখুন। আপনার ভেহিকেল চলমান থাকার সময় পিছনের দিক দেখার আয়নার সামনে থেকে পারমিট অপসারণ করতে হবে।

### পারমিট সহ কোথায় আমি পার্ক করতে পারি?

এই পারমিট থাকার জন্য যতক্ষণ পর্যন্ত পারমিট ধারক তার গাড়িতে করছে ততক্ষণ  পর্যন্ত আন্তর্জাতিক প্রবেশাধিকার চিহ্নিত সকলের ব্যবহারযোগ্য স্থানে চালক গাড়ি পার্ক করতে পারে। New York City-তে, এইসব স্থানগুলোর সবগুলোই রাস্তার বাইরের: শপিং সেন্টার/মল/অফিস/অ্যাপার্টমেন্ট বিল্ডিং এবং কলেজ ক্যাম্পাসের পার্কিং লট।

### পারমিটটি কোথায় বৈধ?

এই পারমিট সমগ্র United States ও Canada-তে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চিহ্নিত সমস্ত স্থানে পার্কিংয়ের জন্য বৈধ হিসেবে স্বীকৃত।

### কোথায় এই পারমিটটি বৈধ নয়?

New York City-এর পাঁচটি বরোর যেকোনো জায়গার রাস্তায় পার্কিং করার জন্য পারমিটটি বৈধ নয় (অধিক তথ্যের জন্য New York City-এর পারমিট সম্পর্কিত পূর্ববর্তী বিভাগটি দেখুন)।

### আমার পারমিটটি কতদিন পর্যন্ত বৈধ?

New York State-এর পারমিটে প্রিন্ট করা মেয়াদ উত্তীর্ণের তারিখ পর্যন্ত বৈধ থাকে, জারি হওয়ার দিন থেকে পাঁচ (5) বছর পর্যন্ত।

### আমি আমার পারমিটের জন্য কিভাবে পুনঃ আবেদন করব?

NYS প্রতিবন্ধী পারমিটের জন্য পুনঃআবেদন করতে প্রক্রিয়ার জন্য একটি নতুন আবেদন জমা দিন। আবেদনপত্রগুলি আমাদের এই ওয়েবসাইট: **nyc.gov/pppdinfo** অথবা NYS DMV ওয়েবসাইটের MV.664.1 ফর্মের অধীনে এখানে উপলব্ধ: **https://dmv.ny.gov/forms**। যদি আপনার কম্পিউটার ব্যবহারের সুযোগ না থাকে তাহলে কাগজে আবেদন পত্রের জন্য আপনি 311 নম্বরে ফোন করতে পারেন।

## উভয় পারমিটের জন্য সাধারণ তথ্য

### আমি পারমিট হারিয়ে ফেললে কী হবে?

যদি আপনার পারমিট হারিয়ে যায় বা চুরি যায় তাহলে আপনাকে যা করতে হবে:

- স্থানীয় থানায় পারমিট হারানো বা চুরি যাওয়ার বিষয়টি জানান ও পুলিশের থেকে একটি রসিদ নিন;
- PPPD ইউনিটে জানান এবং তারপর আমরা আপনাকে হারানো/চুরির একটি ফর্ম পাঠাবো;
- পুলিশ ইন্সিডেন্ট রিপোর্ট এবং হারানো/চুরি যাওয়ার ফর্মটি পূরণ করে এখানে পাঠান:

Lost/Stolen Permit<br>
NYC Department of Transportation (NYC DOT)<br>
30-30 Thomson St. 2nd Floor<br>
Long Island City, NY 11101-3045

অনুগ্রহ করে আপনার পারমিটের বিষয়ে সতর্ক থাকুন। এইসব পারমিট মূল্যবান এবং কখনও কখনও চুরি হয়ে যায়। পারমিটগুলোর প্রতিস্থাপন কেবল NYC পরিবহন বিভাগ (YC Department of Transportation, NYC DOT) দ্বারা জারি করা হবে।

### কিভাবে আমি ভুল তলব করাকে খারিজ করব?

যদি আপনি New York State বা New York City পারমিট থেকে পারমিট পান তাহলে আসল তলব করা বা তলব করার বিজ্ঞপ্তি এবং আপনার পারমিট নম্বর নিম্নলিখিত ঠিকানায় পাঠান:

The NYC Department of Finance<br>
Advocacy Unit, 3rd Floor<br>
66 John Street, NY, NY 10038

অতিরিক্তভাবে, যদি আপনি New York State-এর পারমিটের জন্য তলব লাভ করেন এবং আন্তর্জাতিক প্রবেশাধিকারের প্রতীক দ্বারা চিহ্নিত স্থানে আপনি পার্ক করে থাকলে অনুগ্রহ করে Department of Finance স্থানের সঠিক অবস্থানের বিশদ বিবরণ জানিয়ে একটি চিঠি পাঠান।


### আমি কিভাবে সিটি এবং/অথবা স্টেটের প্রতিবন্ধী পার্কিং পারমিট আবেদন পত্র লাভ করবো?

আমাদের ওয়েবসাইটে যান: **nyc.gov/pppdinfo**, 311 নম্বরে যোগাযোগ করুন অথবা আমাদের কার্যস্থলে আসুন:

New Application Request<br>
NYC Department of Transportation (NYCDOT)<br>
Parking Permits and Customer Service<br>
30-30 Thomson Avenue, 2nd Floor<br>
Long Island City, NY 11101

যদি আপনি আমাদের এখানে আসেন, তাহলে অনুগ্রহ করে মনে রাখবেন ভবনে আমাদের আসল প্রবেশপথ হল 47th Avenue এর কাছে 30th Place এর পশ্চিমদিকে।

TTY বধির বা শ্রবণ-প্রতিবন্ধীদের জন্য 212.504.4115 নম্বরে ফোন করুন। আমাদের ওয়েবসাইট হল: **nyc.gov/dot**



# প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পার্কিংয়ের পারমিট (Parking Permits for People with Disabilities, PPPD)

NYC | NEW YORK CITY DOT

NYC 311 your city. your needs. your number.

Rev 3/21

Printed on recycled paper.

NYC Department of Transportation-এর প্রতিবন্ধী ব্যক্তিদের পার্কিংয়ের পারমিট (Parking Permits for People with Disabilities, PPPD) ইউনিট প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য দুই ধরনের পার্কিং পারমিট জারি করে: NYC PPPD পারমিট (প্লাকার্ড) এবং NY স্টেট পারমিট (হ্যাঙট্যাগ)।

311 নম্বরে যোগাযোগ করে বা আমাদের ওয়েবসাইট: **nyc.gov/pppdinfo**-তে গিয়ে এই নথিটির অনুবাদ করা সংস্করণটি পাওয়া যাবে।



# NYC PPPD পারমিট

## কারা যোগ্য?

যদি আপনি শহরের বাসিন্দা কিংবা অনাবাসিক হন এবং আপনার একটি স্থায়ী প্রতিবন্ধকতা থাকে যার ফলে আপনি হাঁটাচলা করতে পারেন না ও পরিবহনের জন্য ব্যক্তিগত গাড়ি ব্যবহার করতে হয় তাহলে আপনি যোগ্য। অনুগ্রহ করে মনে রাখবেন চালক নন, যেমন যোগ্য প্রতিবন্ধী শিশু, ব্যক্তিরাও এর জন্য যোগ্য হতে পারেন। কর্মাশিয়াল ভেহিকেল প্লেট, ডিলার প্লেট বা ভাড়ার গাড়ির জন্য তালিকাভুক্ত প্লেটগুলি এই পারমিটে তালিকাবদ্ধ করা যাবে না।

## আমি কীভাবে আবেদনটি সম্পূর্ণ করব?

আপনি এখান থেকে আবেদন পত্র পেতে পারেন: **nyc.gov/pppdinfo**. আবেদন সম্পূর্ণ করার সময় অনুগ্রহ করে মনোযোগ দিয়ে নির্দেশনাগুলি পড়ুন ও অনুসরণ করুন। আপনার চিকিৎসককে দিয়ে রোগের ইতিহাসের পাতাটি পূরণ করুন এবং সহায়ক চিকিৎসা নথি অন্তর্ভুক্ত করুন। আপনার ড্রাইভিং লাইসেন্স, নন-ড্রাইভার ID বা New York City Municipal ID কার্ড (IDNYC) এবং ভেহিকেল রেজিস্ট্রেশনের কপি সহ আবেদন পত্রটি এই ঠিকানায় ডাকযোগে পাঠান:

New Application Request-City Permit
NYC Department of Transportation (NYC DOT)
Parking Permits and Customer Service
30-30 Thomson Avenue, 2nd Floor
Long Island City, NY 11101

PPPD ইউনিট আপনার আবেদন সম্পূর্ণ হয়েছে কিনা তা পর্যালোচনা করে স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্য বিধির (Department of Health and Mental Hygiene, DOHMH) মেডিক্যাল সার্টিফিকেশনের ইউনিটে পাঠাবে। DOHMH আপনার আবেদন পত্র এবং চিকিৎসা সংক্রান্ত সহায়ক নথি পর্যালোচনা করবে। যদি DOHMH আপনার আবেদন অনুমোদন করে তাহলে PPPD ইউনিট একটি পারমিট জারি করবে। প্রত্যাখ্যাত হলে, PPPD ইউনিট আপনাকে একটি প্রত্যাখ্যানের চিঠি পাঠাবে এবং সেটিতে কিভাবে আবেদন করতে পারেন তা বলা থাকবে। সমগ্র আবেদন প্রক্রিয়ার জন্য 90 দিনের মতো সময় লাগতে পারে।

## পারমিটটি কেমন দেখতে হয়?

New York City প্রতিবন্ধী পারমিটটি হল আয়তক্ষেত্রাকার প্ল্যাকার্ড।




## আমি পারমিটটি কোথায় রাখব?

ড্রাইভারের পাশের ড্যাশবোর্ডে সম্পূর্ণভাবে আপনার পারমিট প্রদর্শন করুন।

## পারমিটটি দিয়ে কোথায় আমি পার্ক করতে পারি?

- চার্জ ছাড়া যেকোনো মিটার দেওয়া পার্কের স্থানে (যাত্রী বা কর্মাশিয়াল)
- যেকোনো "No Parking" (পার্ক করা যাবে না) স্থানে, সময় নির্বিশেষে রাস্তা পরিস্কার রাখার বিধি সহ।
- ডিপ্লোম্যাট (DPL), New York প্রেস (NYP) বা যেকোনো সরকারি সংস্থা সহ অনুমোদিত ভেহিকেলের দ্বারা ব্যবহারের জন্য নির্ধারিত যে কোনো স্থান।
- যেকোনো "No Standing Except Trucks Loading/ Unloading" (ট্রাক লোডিং/আনলোডিং করা ছাড়া গাড়ি দাঁড়ানো যাবে নাবা "Truck Loading Only" (কেবলমাত্র ট্রাক লোডিং) স্থানে। অনুগ্রহ করে এইসব চিহ্নগুলি মন দিয়ে পড়ুন কারণ পারমিট ধারকরা কেবলমাত্র ট্রাক পার্ক করে এমন দিন ও সময়ে পার্ক করতে পারে। অনুগ্রহ করে এটাও মনে রাখবেন W. 35th – W. 41st Streets, 6th এবং 8th Avenues এর মধ্যে ক্রসটাউন স্ট্রিটের Garment District পার্কিং এলাকা অনুমোদিত নয়।

এই পার্কিং পারমিট এমনভাবে প্রদর্শন করা উচিত যাতে উইন্ডশীল্ড থেকে দৃশ্যমান হয়।

## এটি আর কোথায় বৈধ?

এই প্রচারপত্রে বর্ণিত স্টেট পারমিট ছাড়া আপনার সিটি পারমিট আপনাকে নিউইয়র্ক শহরের পাঁচটি বরোর মধ্যে সিটি স্ট্রিটে কেবলমাত্র পার্ক করার অনুমতি দেয়।

## এই পারমিটটি দিয়ে আমি কোথায় পার্ক করতে পারবো না?

- অ্যাম্বুলেন্স এবং অ্যাম্বুলেটের জন্য নির্ধারিত স্থানে।
- সীমিত সময়ের "No Stopping Zone" (গাড়ি দাঁড় করানো যাবে না), "No Standing Anytime" (যেকোনো সময় গাড়ি দাঁড় করানো যাবে না), "No Standing School Days Zone" (স্কুলের এলাকা, গাড়ি দাঁড় করানো যাবে না), "No Standing Zones" (গাড়ি দাঁড় করিয়ে রাখা যাবে না) অথবা "Hotel Loading Zone" (হোটেলের লোডিং জোন)।
- বাস স্টপ, ট্যাক্সি স্ট্যান্ড, ফায়ার জোন, ড্রাইভওয়ে, ক্রসওয়াক বা ফুটপাথ।
- ফায়ার হাইড্র্যান্টের 15 ফুটের মধ্যে।
- ডবল পার্ক ব্যবহারের জন্য।
- NYC DOT-র পৌরসভা পার্কিংয়ের ক্ষেত্রগুলি পেইড ত্রৈমাসিক পারমিট ধারকদের জন্য মনোনীত।
- যেসব স্থানে NYPD এবং/অথবা ফিল্ম, থিয়েটার এবং সম্প্রচারের মেয়র অফিসের একটি ফিল্ম বা টিভি শুটের জন্য পার্কিং স্থান সংরক্ষিত করেছে।
- যেসব রাস্তা NYPD কুচকাওয়াজ, রাস্তার মেলা ও অনুরূপ অনুষ্ঠানের জন্য বন্ধ করে রেখেছে।

## আমি কিভাবে আমার পারমিটটিকে পুনর্নবীকরণ করব?

নির্ধারিত মেয়াদ উত্তীর্ণের তারিখের প্রায় দুই মাস আগে, আপনি পুনর্নবীকরণ বিজ্ঞপ্তি পাবেন। আপনাকে আপনার বর্তমান ড্রাইভার লাইসেন্স, নন-ড্রাইভার আইডি বা নিউইয়র্ক সিটির মিউনিসিপ্যাল আইডি কার্ড (IDNYC) এবং আপনার পারমিটে তালিকাভুক্ত করতে চান এমন বর্তমান ভেহিকেল রেজিস্ট্রেশনের প্রতিলিপি আপনাকে জমা দিতে হবে। যদি আপনার পুনর্নবীকরণের সঙ্গে পুনঃপ্রত্যয়নের ফর্ম সংযুক্ত থাকে তাহলেই কেবল আপনাকে চিকিৎসা সংক্রান্ত নথি জমা দিতে হবে; এর মানে এই যে আপনার DOHMH এর মূল্যায়ন বাকি আছে। যেসব আবেদনকারীর পুনঃমূল্যায়ন প্রয়োজন তারা পর্যালোচনা প্রক্রিয়ার সময় সাময়িক পারমিট পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

## আমার পারমিটের তালিকাভুক্ত গাড়ি যদি আমাকে পরিবর্তন করতে হয় অথবা সাময়িকভাবে কোনো গাড়ি (যেমন ভাড়ার গাড়ি) ব্যবহার করার প্রয়োজন হলে কী হবে?

যদি আপনাকে অন্য একটি গাড়ি সাময়িকভাবে ব্যবহার করতে হয় যা আপনার পারমিটে তালিকাভুক্ত নয় এবং আপনার তিন বা তার কম গাড়ি এতে তালিকাভুক্ত, তাহলে আপনাকে **nyc.gov/pppdinfo** এ গিয়ে TVC (সাময়িক গাড়ি পরিবর্তন) ফর্ম পূরণ করে তা করতে পারেন। এছাড়াও আপনি আমাদের গ্রাহক সেবা কেন্দ্রের 718.433.3100 নম্বরে 8:30 AM থেকে 5:00 PM এর মধ্যে ফোন করে একটি TVC অনুরোধ করতে পারেন। একটি TVC-র বৈধতা হল 14 দিনের। যদি আপনার পারমিটের একটি গাড়ি স্থায়ীভাবে পরিবর্তন করতে হয় তাহলে আমাদের গ্রাহক সেবা কেন্দ্রে ফোন করে PVC (স্থায়ী গাড়ি পরিবর্তন) এর অনুরোধ করুন।

# NY State পারমিট

New York State PPPD ইউনিটকে New York City-এর পাঁচটি বরোর বাসিন্দাদের জন্য স্টেটের প্রতিবন্ধী পারমিটের জন্য ইস্যু করার অধিকার প্রদান করেছে।

## কারা যোগ্য?

যদি আপনার চিকিৎসক প্রত্যায়ন করে যে আপনার সাময়িক বা স্থায়ী প্রতিবন্ধকতার কারণে আপনি দীর্ঘ দূরত্ব হাঁটার ক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করেছে কেবল তখনই PPPD ইউনিট থেকে আপনি একটি নতুন New York State পারমিট পাওয়ার জন্য যোগ্য।

New York ভেহিকেল ও ট্রাফিক আইনের ধারা 404-a অনুসারে আপনার অবশ্যই যা থাকতে হবে:

- আপনার এক বা উভয় পা সীমিতভাবে ব্যবহার করেন বা একেবারেই করতে পারেন না;
- স্নায়ু পেশির দুর্বলতা আছে যা চলাফেরা করাকে তীব্রভাবে সীমাবদ্ধ করে;
- অন্য শারীরিক বা মানসিক প্রতিবন্ধী যার কারণে আপনি আসতে পারেন না যেটি সরকারি পরিবহন ব্যবহার করাকে সীমিত করে; অথবা
- আইনত অন্ধ।

আপনার প্রতিবন্ধকতা অবশ্যই NY State-এর লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক (মেডিকেল ডাক্তার বা ওস্টিওপ্যাথি ডাক্তার) বা পডিয়াট্রিস্টের (যিনি কেবল গোড়ালির নিচের অবস্থার প্রত্যায়ন করে) থেকে নির্ণয় ও বর্ণিত হতে হবে। আপনার চিকিৎসককে অবশ্যই জানাতে হবে আপনার অবস্থা স্থায়ী বা অস্থায়ী কিনা এবং কতটা মারাত্মক এবং নিয়মিতভাবে আপনার হাঁটার ক্ষমতা কতটা ক্ষতি করে তার বর্ণনা করতে হবে।

## আমি কীভাবে আবেদন করবো?

আবেদন পত্র পাওয়ার বিভিন্ন উপায় সম্পর্কে জানতে অনুগ্রহ করে এই প্রচারপত্রের উল্টোদিক দেখুন। নির্দেশনা মন দিয়ে পড়ুন ও অনুসরণ করে আবেদন পত্র সম্পূর্ণভাবে পূরণ করুন।

## পারমিটটি কেমন দেখতে হয়?

স্থায়ী NY State-এর প্রতিবন্ধী পার্কিং পারমিট হল একটি নীল প্লাস্টিক হ্যাংট্যাগ এবং সাময়িক পারমিট হল একটি লাল প্লাস্টিক হ্যাংট্যাগ।
উভয়ই প্রতিবন্ধী ব্যক্তিদের সর্বজনীন আন্তর্জাতিক অ্যাক্সেসের প্রতীককে প্রদর্শন করে।

